গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(সংস্থাপন শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৬.১৪.০০১.২০-৬২২/১

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ০১ জুন ২০২১ খ্রিস্টাব্দ

# নোটিশ

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদানের নিমিত্ত জেলা বাছাই কমিটির সভা এবং ৪র্থ ত্রৈমাসিক জেলা নৈতিকতা কমিটির সভা আহ্বান।

নাগরিকদের জন্য সুশাসন প্রতিষ্ঠা করা যার মাধ্যমে আইনের শাসন, সমতা ও ন্যায় বিচার নিশ্চিতকরণ, সমাজ ও রাষ্ট্রকে দুর্নীতিমুক্ত রাখা এবং জাতীয় জীবনের সর্বক্ষেত্রে শুদ্ধাচার কৌশলের চর্চা ও বাস্তবায়ন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের নিমিত্ত পুরস্কার প্রদানের লক্ষ্যে জেলা বাছাই কমিটি'র সভা এবং ৪র্থ ত্রৈমাসিক জেলা নৈতিকতা কমিটির সভা আগামী ১০ জুন ২০২১ তারিখ বৃহস্পতিবার দুপুর ০১.০০ ঘটিকায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হলো।

০১/০৬/২০২১
(তানিয়া সুলতানা)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
মৌলভীবাজার
ও
সদস্য সচিব
জেলা নৈতিকতা কমিটি
মৌলভীবাজার
ফোন : ০৮৬১-৬৩৩৩৩
adcgmoulvibazar@mopa.gov.bd

বিতরণ:

১. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
৪. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপিঃ
নেজারত ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা
www.moulvibazar.gov.bd

**২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটি'র সভার কার্যবিবরণী :**

সভাপতি : মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক
মৌলভীবাজার
তারিখ : ১০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ
সময় : দুপুর ০১.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি: **পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy-NIS) প্রণয়ন করেছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহি, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর তিনি গুরুত্বারোপ করেন।

০২। উক্ত সভায় সরকার কর্তৃক জারীকৃত জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.০৩.২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্মারক পত্র সভায় উপস্থাপন করা হয়। জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে গ্রেড ৪ হতে গ্রেড-১০ ভূক্ত ২ জন কর্মচারীকে এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভূক্ত ১ জন কর্মচারীকে পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির সদস্যগণ কর্তৃক শুদ্ধাচার পুরস্কারের নিমিত্ত নিম্নবর্ণিত সুপারিশ করেন।

০৩। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন কর্মচারীকে উল্লিখিত নীতিমালা অনুসারে ২০২০-২০২১ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নির্বাচন করা হয়:

| ক্রমিক নম্বর | মনোনীত কর্মকর্তার নাম | পদবি | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব নজরুল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | |
| ২. | জনাব অর্ণব মালাকার | সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | |
| ৩. | জনাব নির্মাল্য রায় | সিএ কাম ইউডিএ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>সংযুক্ত সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | |

**সিদ্ধান্ত:** বর্ণিত ০৩ (তিন) জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/৬/২১

(মীর নাহিদ আহসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত
জেলা বাছাই কমিটি, মৌলভীবাজার।
dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৬.১৪.০০১.২০-৬৭০

তারিখ : ০৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২১ জুন ২০২১ খ্রিস্টাব্দ ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কাওরান বাজার (টিসিবি ভবন, ৮ম তলা), ঢাকা।
৫. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৬. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৭. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৮. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৯. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
১০. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল।
১১. জনাব.................................................................................................................।

২১/০৬/২০২১

(তানিয়া সুলতানা)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত
জেলা বাছাই কমিটি, মৌলভীবাজার।
adcgmoulvibazar@mopa.gov.bd

জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২১ সংক্রান্ত জেলা বাছাই কমিটি ও জেলা নৈতিকতা কমিটির ৪র্থ সভায় উপস্থিতি

তারিখ: ১০ জুন ২০২১ খ্রি.

সময়: দুপুর ০১.০০ ঘটিকা

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার।

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব তানিয়া সুলতানা<br>উপপরিচালক (অব:প্রাপ্ত)<br>স্থানীয় সরকার<br>মৌলভীবাজার। | |
| ২. | জনাব মল্লিকা দে<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)<br>মৌলভীবাজার। | |
| ৩. | জনাব তানিয়া সুলতানা<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>মৌলভীবাজার। | |
| ৪. | জনাব তানিয়া সুলতানা<br>অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>মৌলভীবাজার। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা
www.moulvibazar.gov.bd
কোর্ট রোড, মৌলভীবাজার

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৬.৫৯.০০১.২০.১২৯

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮
২২ জুন ২০২১

## অফিস আদেশ

শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ মতে নিম্নবর্ণিত কর্মচারীগণ-কে ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হলোঃ

| শুদ্ধাচার পুরস্কারের ক্যাটাগরি | পুরস্কার প্রাপ্ত কর্মচারীর নাম, পদবী ও পরিচিতি নম্বর |
|---|---|
| উপজেলা কার্যালয়ের প্রধান | জনাব নজরুল ইসলাম, পরিচিতি নং-১৭১০৩, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| জেলা কার্যালয়ের কর্মচারী | ১। জনাব অর্ণব মালাকার, পরিচিতি নং-১৮৬০৭, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।<br>২। জনাব নির্মাল্য রায়, সিএ কাম ইউডিএ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সংযুক্ত সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |

০২। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এর ৭নং অনুচ্ছেদ অনুযায়ী পুরস্কার হিসেবে কর্মচারীগণকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং একটি সার্টিফিকেট প্রদান করা হবে।

২২-৬-২০২১
মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক
ফোন: ০৮৬১-৬৩২০১-২
ফ্যাক্স: ০৮৬১-৫৩০৪৯ (অফিস),
০৮৬১-৫২৯৬৬ (বাংলো)
ইমেইল:
dcmoulvibazar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৬.৫৯.০০১.২০.১২৯/১(১১)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮
২২ জুন ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।

৬) জনাব নজরুল ইসলাম, পরিচিতি নং ১৭১০৩, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,শ্রীমঙ্গল,মৌলভীবাজার

৭) জনাব অর্ণব মালাকার, পরিচিতি নং-১৮৬০৭, সহকারী কমিশনার , জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।

৮) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , মৌলভীবাজার

৯) জনাব নির্মাল্য রায়, সিএ কাম ইউডিএ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সংযুক্ত সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।



২২-৬-২০২১
মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক